চুয়াডাঙ্গায় দুর্বৃত্তদের অস্ত্রের কোপে জখম উথলী ইউপি চেয়ারম্যান হান্নান

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল হান্নানের উপর আবারও হামলা হয়েছে।

আজ মঙ্গলবার (২৮ মে) সকাল ১০ টার দিকে দর্শনা-জীবননগর সড়কে আকন্দবাড়ীয়া আবাসন প্রকল্প পার হওয়ার পর এই হামলার ঘটনা ঘটে বলে জানা গেছে।

উথলী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মনিরুল ইসলাম মনি বলেন, ‘প্রাথমিকভাবে জানতে পেরেছি আব্দুল হান্নান চাচা ব্যক্তিগত কাজ শেষে মোটরসাইকেলযোগে দর্শনা থেকে উথলী ইউনিয়ন পরিষদে আসছিলেন। পথিমধ্যে আকন্দবাড়ীয়া আবাসন পার হলে মোটরসাইকেলযোগে দুজন ব্যক্তি পিছন দিক থেকে এসে তাঁর পিঠে ধারালো অস্ত্র দিয়ে এলোপাথাড়ি ভাবে পিঠে কোপ মারেন এতে করে তার পিঠে ৩০-৪০ টি সেলাই হতে পারে বলে ধারনা করা হচ্ছে।। এতে তিনি রক্তাক্ত জখম হন এবং কোপ লাগা অবস্থায় মোটরসাইকেল চালিয়ে উথলী ইউনিয়ন পরিষদে চলে আসেন। ইউনিয়ন পরিষদের লোকজন গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান।’

ছাত্রলীগের কর্মী কৌশিক রহমান বলেন, ‘আমি চেয়ারম্যান সাহেবের সাথে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে আছি। প্রাথমিক চিকিৎসা চলছে। অবস্থা খুব একটা ভালো না। তাকে ঢাকায় নিয়ে যাওয়ার প্রস্তুতি চলছে।’
খবর পেয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে উপস্থিত হয়েছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর, পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজি হাফিজুর রহমান হাফিজ, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদসহ অন্যরা। ঘটনার সাথে জড়িতদের খুঁজে বের করতে কাজ শুরু করেছে পুলিশ।

উল্লেখ্য, এর আগে গত ১৮ই ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখ রাত ১০টার দিকে মোটরসাইকেলযোগে নিজ বাড়িতে ফেরার সময় দুর্বৃত্তদের হামলার

[illegible]